



Charter Revision Commission

স্ট্যাটেন আইল্যান্ড পাবলিক ইনপুট সেশন

সময় ও স্থান:

বৃহস্পতিবার, 6 জুন, সকাল 10:00টা

স্ট্যাটেন আইল্যান্ড বরো হল

10 Richmond Terrace, Staten Island, NY 10301

ভার্চুয়াল লোকেশন: nyc.gov/charter-তে পোস্ট করা Zoom মিটিংয়ের লিঙ্ক দেখুন।

পাবলিক ইনপুট সেশনের বিজ্ঞপ্তি

নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশন কমিশন (“CRC”) নিউ ইয়র্ক সিটি চার্টারে পরিবর্তনের ব্যাপারে স্ট্যাটেন আইল্যান্ডে একটি পাবলিক ইনপুট সেশনের আয়োজন করবে।

এই পাবলিক ইনপুট সেশনটি মানে কী?

নিউ ইয়র্ক সিটি চার্টার (“চার্টার”)-এর মাধ্যমে শহরের সরকারকে স্ট্রাকচার প্রদান করা হয় এবং শহরের নির্বাচিত কর্মকর্তা ও এজেন্সিগুলোকে ক্ষমতা দেওয়া হয়। CRC-কে সমগ্র সিটি চার্টার পর্যালোচনা করার ক্ষমতা প্রদান করা হয়েছে, যাতে এটা নিশ্চিত করা যায় যে শহরের সরকার কার্যকারিতার সাথে কাজ করে এবং সব নিউ ইয়র্কের অধিবাসীদের প্রতি প্রতিক্রিয়াশীল থাকে। শহরের সরকারের ব্যাপারে গুরুত্বপূর্ণ যেকোনো ব্যাপারে সাধারণ জনগণকে মতামত জানাতে আমন্ত্রণ জানানো হচ্ছে। আমাদের এই ওয়েবসাইট ভিজিট করে নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশন কমিশনের ব্যাপারে আরও জেনে নিতে পারেন: www.nyc.gov/charter.

কে বা কারা মতামত জানাতে পারেন?

মিটিংটি জনসাধারণের সামনে উন্মুক্ত এবং সাধারণ জনগণ কমিশনের সামনে গিয়ে মতামত জানানোর সুযোগ পাবেন। সাধারণ জনগণের মধ্যে থেকে যে কেউ সর্বাধিক তিন (3) মিনিট পর্যন্ত মতামত জানাতে পারেন। মতামত প্রকাশ করতে আগ্রহী একটি গোষ্ঠী সংগঠন বা প্রতিষ্ঠানকে একটি অনুমোদিত প্রতিনিধি বেছে নিতে হবে। পাঁচটি বরোর মধ্যে থেকে যে কেউ মতামত প্রকাশ করতে পারেন। এই শুনানিতে যারা কথা বলতে আগ্রহী, তাদের সবাইকেই CRC

সুযোগ দেওয়ার চেষ্টা করবে। তবে যদি সময়ের অভাব থাকে, তাহলে সর্বসাধারণকে CRC-এর পরবর্তী পাবলিক ইনপুট সেশনে মতামত প্রকাশ করার সুযোগ কাজে লাগাতে বা charterinfo@citycharter.nyc.gov এ লিখিতভাবে মতামত জমা করতে উৎসাহ দেওয়া হচ্ছে। **অনুগ্রহ করে মনে রাখবেন যে ইনপুট সেশনটি মৌখিক সাক্ষ্য বা বক্তব্য গ্রহণ করার জন্য আয়োজন করা হয় এবং সেটি “প্রশ্নোত্তর” ফরম্যাটে আয়োজন করা হয় না।**

লিখিত সাক্ষ্য জমা দেওয়ার কি চূড়ান্ত সময়সীমা আছে?

জনগণ চাইলে বরং এখানে charterinfo@citycharter.nyc.gov লিখিতভাবে সাক্ষ্য জমা দিতে পারেন বা শুনানিতে লাইভ সাক্ষ্য দিতে পারেন। লিখিত সাক্ষ্য অবশ্যই বিকাল 5:00টা, শুক্রবার, 12 জুলাইয়ের মধ্যে প্রাপ্ত হতে হবে।

কখন ও কোথায় শুনানি হবে?

জনসাধারণের সামনে সুযোগ আছে এবং ইনপুট সেশনটি ভার্চুয়াল উপায়ে Zoom লিঙ্কের মাধ্যমে অ্যাক্সেস করা যাবে, যেটি nyc.gov/charter-এ পোস্ট করা হয়েছে এবং বেলা 10:00টা, বৃহস্পতিবার, 6 জুন, এই স্থানে পাওয়া যাবে:

স্ট্যাটেন আইল্যান্ড বরো হল

10 Richmond Terrace, Staten Island, NY 10301

মিটিংয়ে মতামত জানাতে বা পর্যবেক্ষণ করার জন্য আমার সাহায্যের প্রয়োজন হলে কী করব?

আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ এবং স্প্যানিশ ইন্টারপ্রিটেশন অনলাইনে এবং অন-সাইটে প্রদান করা হবে। অনুগ্রহ করে ভাষার ইন্টারপ্রিটেশন এবং/অথবা অন্যান্য অ্যাক্সেসিবিলিটি সম্পর্কিত অনুরোধ বেলা 10:00টা বুধবার, 5 জুনের মধ্যে mopdcommissioner@cityhall.nyc.gov -তে ইমেইল করে বা 212-788-0014-তে কল করে ভয়েস মেইল দিয়ে জমা দিতে পারেন। সব অনুরোধ যতদূর সম্ভব পূরণ করার চেষ্টা করা হবে।